


উত্তর আমেরিকা

চিটাগং ইউনিভার্সিটি এলামনাই ফেডারেশন অব ইউএসএ'র নতুন কমিটি গঠন



প্রকাশ: ০২ নভেম্বর ২০২৫ ১০:২৭



চিটাগং ইউনিভার্সিটি এলামনাই ফেডারেশন অব ইউএসএ'র নতুন কার্যকরী কমিটি নির্বাচন সম্পন্ন হয়েছে। আগামী ২০২৬-২০২৭ মেয়াদে দুই বছরের জন্য কাজ করবেন ১৯ সদস্যবিশিষ্ট এ কমিটি। নতুন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন যথাক্রমে রায়হানুল ইসলাম চৌধুরী ও মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী টিপু।

গত আগস্টে বিভিন্ন অঙ্গরাজ্যের অ্যালামনাই এসোসিয়েশনগুলোর অংশগ্রহণে বোস্তনে অনুষ্ঠিত সংগঠনের ২য় কনভেনশনের মধ্য দিয়ে নতুন কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হয়। ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন আনুষ্ঠানিকভাবে নতুন কর্মকর্তাদের নাম ঘোষণা করেন।

নির্বাচিত অন্যরা হলেন-সৈয়দ মঈন(ভাইস প্রেসিডেন্ট), মো. মাওলা দিলু (ভাইস প্রেসিডেন্ট), জামশেদ হোসেন (ভাইস প্রেসিডেন্ট), প্রতাপ চন্দ্র শীল(জয়েন্ট সেক্রেটারি), লুৎফুন উইয়া হেনা(জয়েন্ট সেক্রেটারি), ইকরামুল বাকী (ট্রেজারার), মোহাম্মদ হুদা (অর্গানাইজিং সেক্রেটারি), এহসান জুয়েল (প্রেস, মিডিয়া এন্ড পাবলিকেশন সেক্রেটারি), মোহাম্মদ কামাল (এডুকেশন ও কালচারাল সেক্রেটারি) ও আমানা রশিদ(সোশ্যাল ওয়েলফেয়ার সেক্রেটারি)।

কমিটির সাত কার্যনির্বাহী সদস্যের দায়িত্ব পেয়েছেন চুমু জামান, সারোয়ার কামাল, আবদুল ওয়াহেদ মাহফুজ, মোস্তফা আমিন খোকন, সাবের চৌধুরী, মোহাম্মদ সারোয়ার হোসেন ফরিদ ও আহমেদ শহীদ।

নতুন নির্বাচিত কমিটি জানিয়েছে, যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যের চিটাগং ইউনিভার্সিটি অ্যালামনাইগুলোর মধ্যে পারস্পরিক সমন্বয় ও ফেডারেশনভুক্ত হবার পাশাপাশি সংগঠনের কার্যক্রমকে গতিশীল করতে কাজ করবে নির্বাচিত এ কমিটি। নতুন নতুন কর্মসূচি গ্রহণ এবং উচ্চশিক্ষা গ্রহণে বাংলাদেশী শিক্ষার্থীদের সহায়তা বাড়াতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ ছাড়া কমিটি দ্রুত বাৎসরিক পরিকল্পনা, কর্মসূচি ঘোষণা ও বাস্তবায়নের অঙ্গীকার ব্যক্ত করেছে। এ বিষয়ে যুক্তরাষ্ট্রে বসবাসরত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল অ্যালামনাই সহযোগিতা চেয়েছেন তারা।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রে বিভিন্ন অঙ্গরাজ্যে বসবাসরত চিটাগং ইউনিভার্সিটির সাবেক শিক্ষার্থীদের নিয়ে ২০১৭ সাল থেকে কাজ করে আসছে এ ফেডারেশন।

উত্তর আমেরিকা থেকে আরো পড়ুন



এ সম্পর্কিত আরো পড়ুন

মিশিগান মাতিয়ে গেলেন বাগ্না মজুমদার

গানের তালে, সুরের ছন্দে মিশিগানের মঞ্চ মাতিয়ে তুললেন



৫১ মিনিট আগে

আমেরিকার রাজনীতিতে আজকের দিনটি ইতিহাস হয়ে থাকতে পারে

আজ ৪ নভেম্বর, মঙ্গলবার— আমেরিকার রাজনীতিতে এই দিনটি



৫৫ মিনিট আগে

যুক্তরাজ্যে আয়ুব আলী মাস্তারের স্বরণে প্ল্যাক উন্মোচন

পূর্ব লন্ডনের টাওয়ার হ্যামলেটস কাউন্সিল এলাকার



১ ঘণ্টা আগে

মন্ট্রিয়লে কবি অপরাহু সুসমিতাকে সম্মাননা প্রদান

কবি ও গল্পকার অপরাহু সুসমিতাকে তার নিজ শহর মন্ট্রিয়লে



১ ঘণ্টা আগে

মিশিগানে 'মুক্তিযুদ্ধের অজানা কথা'র অভিও সংস্করণ প্রকাশনা উৎসব

যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যের ট্রয় শহরে উৎসবমুখর



১ ঘণ্টা আগে

সর্বশেষ



নিউইয়র্ক সিটি নির্বাচনে জেহান্নাম মামদানির ঐতিহাসিক জয়

৪৮ মিনিট আগে



মিশিগান মাতিয়ে গেলেন বাগ্না মজুমদার

৫১ মিনিট আগে



আমেরিকার রাজনীতিতে আজকের দিনটি ইতিহাস হয়ে থাকতে পারে

৫৫ মিনিট আগে



যুক্তরাজ্যে আয়ুব আলী মাস্তারের স্বরণে প্ল্যাক উন্মোচন

১ ঘণ্টা আগে



মন্ট্রিয়লে কবি অপরাহু সুসমিতাকে সম্মাননা প্রদান

১ ঘণ্টা আগে



উত্তর আমেরিকা

বাংলাদেশ ল সোসাইটি ইউএসএ ইনক'র নির্বাচনের জন্য কমিশন গঠন



উত্তর আমেরিকা ডেস্ক

প্রকাশ : ০২ নভেম্বর ২০২৫ ০৬ :১৭



বাংলাদেশ ল' সোসাইটি ইউএসএ ইনক'র ২০২৬-২০২৭ মেয়াদের কার্যনির্বাহী কমিটির নির্বাচনের জন্য তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করেছে।

গত সেপ্টেম্বর ২৮ অনুষ্ঠিত সংগঠনটির কার্যনির্বাহী কমিটির সভায় সর্বসম্মতিক্রমে সাবেক সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সাইয়েদ মঈন উদ্দিন জনেলকে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে মনোনীত

-----বিজ্ঞাপন-----

এ সম্পর্কিত আরো পড়ুন

আমেরিকার ভিসা পাওয়ার সহজ কিছু টিপস

বিদেশে যেতে ইচ্ছুকদের কাছে আমেরিকা যেন একটি স্বপ্নের



২ দিন আগে

'ট্রাম্পের প্রশাসনকে প্রত্যাখ্যান করুন'

মার্কিন সাবেক প্রেসিডেন্ট ব্যারাক ওবামা শনিবার (১



২ দিন আগে

অশ্রুসিক্ত নয়নে আলহাজ জি এম মাহমদ